

“ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

রেজিস্ট্রিকৃত ডাকযোগে।

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.০৫৯.২৪-১৭১

তারিখ-০৯/০৪/২০২৪

বিষয় : কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ ইসমাইল হোসেন, গাড়ীচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা (সংযুক্ত অর্থ ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, গত ০৪.০৪.২০২৪ তারিখে ৫৯.১১.০০০০.১৫৬.১৯.০০২.২১-৪৭ নম্বর স্মারকে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা সংযুক্ত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তরে তাত্ক্ষনিক অবমুক্তির নির্দেশনাসহ বদলী আদেশ করা হয়;

০২। যেহেতু, গত ০৪.০৪.২০২৪ তারিখে ৫৯.১১.০০০০.২০২.১৮.০০২.২৩-১৯৯ নম্বর স্মারকে আপনাকে পরিবার পরিকল্পনা অর্থ ইউনিট হতে ছাড়পত্র প্রদান করা হয়। তথাপি আপনি অদ্যাবধি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেন নাই;

০৩। যেহেতু, আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করেছেন;

০৪। যেহেতু, আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) ধারা মোতাবেক ‘অসদাচরণ (Misconduct)’ হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

০৫। সেহেতু, আপনার বিরুদ্ধে কেন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর দফা ৩ (খ) দফা অনুযায়ী ‘অসদাচরণ (Misconduct)’ এর অভিযোগে বিভাগীয় শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা, তার জবাব পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয় বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

জনাব মোঃ ইসমাইল হোসেন
গাড়ীচালক
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
ঢাকা
সংযুক্ত মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের দপ্তর,
পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫৩.২৭.০৫৯.২৪-

তারিখ-.....

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। উপপরিচালক (পার্সোনেল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা (সংযুক্ত কারণ দর্শানো নোটিশটি অভিযুক্তের নিকট সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮’র বিধি ৮ (২) অনুসরণক্রমে জারি করত: জারির প্রতিবেদন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের শৃঙ্খলা শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (পরবহন/ কমন সার্ভিস/বাজেট/ডিডিও), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারী মেইস্টেনেস ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৮। পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর [পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১০। অফিস কপি।

(ফারহানা রহমান)
সহকারী পরিচালক (পার-২)।

E:\Maksuda\karon doshano.docx